তারিখ 21 AUG 2016
পৃষ্ঠা 2 ... কলাম ...

যুগান্তর

# এমবিবিএস ভর্তি পরীক্ষার তারিখ নির্ধারণ আজ

**যুগান্তর রিপোর্ট**

এ বছরের এমবিবিএস ভর্তি পরীক্ষার তারিখ নির্ধারণ আজ। পূর্বনির্ধারিত সময় অনুসারে আজ বেলা ১২টায় স্বাস্থ্য মন্ত্রণালয়ের সভাকক্ষে স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিমের সভাপতিত্বে অনুষ্ঠিত এক সভায় ভর্তিসংক্রান্ত চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা হবে। এমনটিই জানিয়েছেন মন্ত্রণালয় ও অধিদফতরের কর্মকর্তারা।

এ প্রসঙ্গে স্বাস্থ্য অধিদফতরের পরিচালক (চিকিৎসা শিক্ষা) অধ্যাপক ডা. আবদুর রশিদ যুগান্তরকে বলেন, সরকারি-বেসরকারি মেডিকেল কলেজের এমবিবিএস কোর্সে ভর্তি পরীক্ষা ৭ অথবা ১৫ অক্টোবর অনুষ্ঠিত হতে পারে। তবে রোববার মন্ত্রণালয়ে অনুষ্ঠিতব্য সভায় এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা হবে। নাম প্রকাশে অনিচ্ছুক অপর এক কর্মকর্তা জানান, অন্য বিশ্ববিদ্যালগুলোর ভর্তি পরীক্ষার কারণে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে হল খালি না পাওয়ায় ১৫ অক্টোবর মেডিকেল কলেজের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার সম্ভাবনাই বেশি।

স্বাস্থ্য অধিদফতরের সর্বশেষ প্রকাশিত বার্ষিক প্রতিবেদন-২০১৫ এর তথ্য মতে দেশে বর্তমানে ১০৪টি মেডিকেল কলেজ রয়েছে। যারমধ্যে সরকারি ৩০টি, বেসরকারি ৬৪টি ও আমর্ড ফোর্সেস মেডিকেল কলেজ রয়েছে ৬টি। এছাড়া পৃথক ডেন্টাল কলেজ ও কলেজসংযুক্ত ইউনিটের সংখ্যা ৩৩টি। সব মিলিয়ে এমবিবিএসে মোট আসন সংখ্যা ৯ হাজার ৬৭৯ ও বিডিএসে ১ হাজার ৮৩২টি।